দৈনিক আমাদের সময়

তারিখ 10 APR 2018
পৃষ্ঠা ২ কলাম ৩

# এইচএসসির ভুয়া প্রশ্নফাঁস চক্রের ৪ সদস্য গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক

চলমান উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষায় শতভাগ প্রশ্ন কমনের নিশ্চয়তা দিয়ে প্রতারণা করে আসছিল একটি চক্র। এ চক্রের ৪ সদস্যকে গত রবিবার বিকালে রাজধানীর উত্তরা পূর্ব থানাধীন ৪ নম্বর সেক্টর এলাকা থেকে গ্রেপ্তার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। গ্রেপ্তারকৃতরা হলেন– শেখ মমিনুল হক ওরফে আকাশ, হাসিবুল হক ওরফে সিহাব, অমিতাফ বড়ুয়া অরফে অমিত ও সাঈদ আল সায়াফ। এ সময় তাদের কাছ থেকে ১টি ল্যাপটপ ও ৪টি মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে। গতকাল দুপুরে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে মিডিয়া শাখার ডিসি মাসুদুর রহমান জানান, গ্রেপ্তারকৃতদের মধ্যে সিহাব ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষার্থী। আকাশ ও অমিত উত্তরার হাজিক্যাম্প সংলগ্ন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাবিদ্যালয়ে এবং সায়াফও উত্তরার দ্য ব্রিলিয়ান্ট কলেজের চলমান এইচএসসি পরীক্ষার্থী। অন্যদিকে রাজধানীর তেজগাঁও এলাকা থেকে সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করে প্রশ্নফাঁসের নামে প্রতারণার অভিযোগে মো. আনোয়ারুল আজিম (৩০) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে র‍্যাব। গতকাল ভোরে গ্রেপ্তার হওয়া আজিমের কাছ থেকে প্রশ্নপত্র ফাঁসের কাজে ব্যবহৃত একটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। র‍্যাবের আইন ও গণমাধ্যম শাখার উপপরিচালক মেজর রইসুল আজম মনি জানান, আজিম ২০১৭ সালে তিতুমীর সরকারি কলেজ থেকে এমএসসি পাস করেন। পড়াশোনার পাশাপাশি গৃহশিক্ষক হিসেবে বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীদের পড়ান তিনি। স্বল্প সময়ে ভালো ফল অর্জনের প্রলোভন দেখিয়ে শিক্ষার্থীদের আকৃষ্ট করেন এবং প্রশ্ন সরবরাহের কথা বলে তাদের কাছ থেকে মোটা অঙ্কের টাকা হাতিয়ে নেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং................................
তারিখ.........................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিষ্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর